# জুলাই সনদ বাস্তবায়নে গণভোটে একমত রাজনৈতিক দলগুলো



সংগৃহীত ছবি

জাতীয় ঐকমত্য কমিশনের আলোচনায় অংশ নেওয়া রাজনৈতিক দলগুলো জুলাই সনদ বাস্তবায়নে গণভোট আয়োজনের বিষয়ে একমত হয়েছে। তবে গণভোটের আইনি ভিত্তি কীভাবে নির্ধারণ করা হবে, সে বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছানো যায়নি।

জুলাই সনদ বাস্তবায়নে গণভোট আয়োজনের বিষয়ে রাজনৈতিক দলগুলো ঐকমত্যে পৌঁছেছে। রোববার (৫ অক্টোবর) ফরেন সার্ভিস একাডেমিতে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে দলগুলোর বৈঠকে এই অবস্থান জানানো হয়। বৈঠকের মধ্যাহ্ন বিরতিতে নেতারা জানান, জাতীয় নির্বাচন ও গণভোট একসঙ্গে আয়োজনের বিষয়ে প্রাথমিকভাবে সম্মতি হয়েছে।

তবে গণভোটের আইনি ভিত্তি গঠনের পদ্ধতি নিয়ে এখনো মতপার্থক্য রয়ে গেছে। আলোচনায় সংবিধান সংশোধনের আদেশ, সুপ্রিম কোর্টের মতামত গ্রহণ, গণপরিষদ গঠন এবং নির্বাচন কমিশনের আরপিওতে গণভোট অন্তর্ভুক্ত করার প্রস্তাব উঠে আসে।

বৈঠকের শুরুতে কমিশনের সহ-সভাপতি আলী রীয়াজ জানান, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস ১৫ অক্টোবরের মধ্যেই জুলাই সনদ বাস্তবায়ন প্রক্রিয়া চূড়ান্ত করে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন। তিনি আরও বলেন, যদি পূর্ণ ঐকমত্য না হয়, তাহলে কমিশন একাধিক বাস্তবায়ন প্রক্রিয়ার প্রস্তাব জমা দেবে। শেষ পর্যন্ত সিদ্ধান্ত নেবে অন্তর্বর্তীকালীন সরকার ও রাজনৈতিক দলগুলো।

LENS ASIA